খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ ....

ভর্তি বিজ্ঞপ্তি

(এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল ও পি-এইচ.ডি প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে (এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল ও পি-এইচ.ডি) ২০২০ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্লানিং, লেদার ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন এবং পদার্থ বিজ্ঞান বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। **আবেদনের যোগ্যতাঃ**

(ক) পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/এমইউআরপি/৪ বছরের বি.এস-সি (সম্মান)সহ এম.এস-সি/এম.ফিল বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। এ ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।

(খ) এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস.সি ও এইচ.এস.সি তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।

(গ) এমইউআরপি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বিইউআরপি বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বিইউআরপি ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস.সি ও এইচ.এস.সি তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।

(ঘ) এম.এস-সি প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে ৪ বছরের বি.এস-সি (সম্মান) বা এর সমতূল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই ৪ বছরের বি.এস-সি (সম্মান) ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এস.এস.সি ও এইচ.এস.সি তে GPA 3.50 (Out of 5.00) থাকতে হবে।

(ঙ) এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি (সম্মান/পাস) এবং এম. এস-সি উভয় ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণী/ CGPA 2.65 (Out of 4.00) থাকতে হবে।

২। **আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়ার নিয়মঃ**

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.kuet.ac.bd/pgadmission) হতে ২(দুই) পৃষ্ঠা সম্বলিত আবেদন ফরম ও ২(দুই) কপি Recommendation Letter এবং Statement from the Employer ফরম (চাকুরীরত প্রার্থীদের জন্য) ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদনপত্রটি ডাকযোগে **"রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়"** বরাবর পাঠাতে হবে অথবা সরাসরি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখায় (পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রাম) জমা দেয়া যাবে। ডাক বিভাগের বিলম্বের কারণে কোন আবেদনপত্র নির্ধারিত সময়ের পরে পৌঁছালে তা গৃহীত হবে না।

ক) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি।

খ) **"রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়"** বরাবর জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে **জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা** এর উপর ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা **জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখা, খুলনা** এর অনলাইন হিসাব নাম **"ভিসি, কুয়েট"** হিসাব নং **০১০০০১৮৯৬১৮৫১** এ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিয়ে জমা রশিদ এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অনলাইনে টাকা জমা দেয়ার ক্ষেত্রে টাকা জমা রশিদের উপর অবশ্যই **"পোস্ট গ্রাজুয়েট ভর্তি"** কথাটি উল্লেখ করতে হবে।

গ) আবেদনপত্রের ২য় পৃষ্ঠায় ২(দুই) জন Referee এর নিকট থেকে Recommendation Letter পূরণপূর্বক আবেদনপত্রের সাথে দিতে হবে। Recommendation Letter ২(দুই) জন Referee এর মধ্যে একজন অবশ্যই প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক পূরণ করতে হবে।

ঘ) চাকুরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে লিখিত অনুমতিপত্র অথবা Statement from the Employer ফরমটি নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষরসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। **আবেদনের ফরম পূরণের নিয়মঃ**

আবেদন ফরমের ২য় পৃষ্ঠায় ২(দুই) জন Referee এর নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নং লিখতে হবে, যার মধ্যে একজন অবশ্যই প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক হতে হবে। ২ (দুই) কপি Recommendation Letter উক্ত ২(দুই) জন ব্যক্তি কর্তৃক পূরণকৃত ও সীলসহ স্বাক্ষরিত হতে হবে। প্রার্থীকে আবেদন ফরমে উল্লেখিত প্রোগ্রাম এবং স্টুডেন্ট টাইপ (**পূর্ণকালীন/খন্ডকালীন**) স্থানে টিক (√) চিহ্ন দিতে হবে।

৪। **ভর্তি সংক্রান্ত সময় সূচীঃ**

ক)	আবেদন ফরম জমা নেয়া শুরুর তারিখ ও সময়	**১৩/১০/২০১৯ইং, রবিবার, সকাল ৯টা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত।**
	আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ ও সময়	**৩১/১০/২০১৯ইং বিকাল ৫টা পর্যন্ত।**
খ)	ভর্তির পরীক্ষার তারিখ ও সময়	**১১/১১/২০১৯ইং, সোমবার।** **পরীক্ষার সময়সূচী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.kuet.ac.bd/pgadmission) এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।**
গ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	**১৮/১১/২০১৯ই, সোমবার।**
ঘ)	ভর্তি শুরু ও শেষ তারিখ	**২৪/১১/২০১৯ইং হতে ১৫/১২/২০১৯ইং তারিখ পর্যন্ত।**

৫। শুধুমাত্র পূর্ণকালীন ছাত্র/ছাত্রীগণ নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Fellowship/Teaching Assistantship) এর জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রার্থীকে ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৬। ভর্তি পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রের মূলকপিসহ হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ বা ডিএ প্রদান করা হবে না।

৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং আবেদনপত্রে বিবরণ ভুল প্রমাণিত হলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। ভর্তি সংক্রান্ত সকল বিষয় অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রার্থী নিজ দায়িত্বে প্রশাসনিক ভবনের শিক্ষা শাখা হতে জানতে পারবে অথবা টেলিফোনের মাধ্যমে ০৪১-৭৬৯৪৬৮-৭৫, Ext.-৭৭৫ নম্বরে ফোন করে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.kuet.ac.bd/pgadmission) হতে জানা যাবে।

(জি. এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১২৬২/১০০　　　　　　তারিখঃ ২৯/০৯/২০১৯ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
২। ইনস্টিটিউট পরিচালক, সকল ইনস্টিটিউট, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক (আইআইসিটি), বিজ্ঞপ্তিটি অনলাইনে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সকল দপ্তর প্রধান/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৭। রেজিস্ট্রার, ...।
৮। অধ্যক্ষ, ...।
৯। প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী ....।
১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
১১। অফিস নথি।

(সেখ আক্কাছ আলী)
ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

ভর্তি বিজ্ঞপ্তি

(এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./পি-এইচ.ডি প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে (এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল ও পি-এইচ.ডি) ২০২০ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্লানিং, লেদার ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন এবং পদার্থ বিজ্ঞান বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তি ফরম ও ভর্তি সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী (www.kuet.ac.bd/pgadmission) ওয়েব সাইটে পাওয়া যাবে। আগামী **১৩/১০/২০১৯ইং** হতে **৩১/১০/২০১৯ইং** তারিখের মধ্যে পূরণকৃত আবেদনপত্র সরাসরি বিশ্ববিদ্যালয়ের **শিক্ষা শাখায় (পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রাম)** জমা দেয়া যাবে অথবা ডাকযোগে **"রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়"** বরাবর পাঠাতে হবে। ভর্তি সংক্রান্ত সকল বিষয় অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রার্থী নিজ দায়িত্বে প্রশাসনিক ভবনের শিক্ষা শাখা হতে জানতে পারবে অথবা টেলিফোনের মাধ্যমে ০৪১-৭৬৯৪৬৮-৭৫, Ext.-৭৭৫ নম্বরে ফোন করে অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে জানা যাবে।

জি. এম. শহিদুল আলম
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
টেলিফোন নং- ০৪১-২৮০০৩৮

বরাবর,

জনসংযোগ কর্মকর্তা
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা।

বিষয় ঃ **এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল/পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি বিভিন্ন পত্রিকায় প্রচার প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের বরাতে আপনাকে জানানো যাচ্ছে যে, অত্র পত্রের সাথে সংযুক্ত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এম.এস-সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস-সি./এম.ফিল/পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ০২ (দুই) টি জাতীয় ও ০১ (এক) টি খুলনার আঞ্চলিক দৈনিক পত্রিকায় আগামী ০৩/১০/২০১৯ইং তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে ভেতরের পৃষ্ঠায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আপনাকে অনুরোধ করা হলো।

(জি.এম. শহিদুল আলম)
রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।